



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখঃ ১১.১.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়ঃ গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার সাজাইল ইউনিয়নের বাঘঝাপা গ্রামে এক নারীকে গাছের সঙ্গে বেঁধে শরীরে আগুন দেওয়ার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১১ জানুয়ারি, ২০২৩ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার সাজাইল ইউনিয়নের বাঘঝাপা গ্রামে এক নারীকে গাছের সঙ্গে বেঁধে শরীরে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, কাশিয়ানী উপজেলার সাজাইল ইউনিয়নের বাঘঝাপা গ্রামের অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য ইউসুফ আলী মোল্লার সাথে তার আপন ভাই লিয়াকত মোল্লা দীর্ঘদিন ধরে পৈত্রিক সম্পত্তি নিয়ে বিরোধ চলে আসছিল। অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য ইউসুফ আলী তার পৈত্রিক সম্পত্তি বিক্রি করে চলে যায়। কিন্তু এখন সে সম্পত্তি দাবি করায় দু ভাইয়ের মধ্যে বিরোধ লাগে। এ বিরোধের জের ধরে লিয়াকত মোল্লা তার ভাই ইউসুফ আলী মোল্লার স্ত্রী সুফি বেগমকে ঘর থেকে বাইরে নিয়ে এনে পেয়ারা গাছের সঙ্গে বেঁধে তার শরীরে আগুন ধরিয়ে দেয়। এর আগে নির্যাতনের শিকার নারীর মাথার চুল কেটে দেয়া হয়। গুরুতর অবস্থায় গৃহবধূকে কাশিয়ানী হাসপাতাল থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

প্রকাশ্যে গৃহবধূর চুল কর্তন করা, গাছের সাথে বেঁধে শরীরে আগুন ধরিয়ে নির্মম নির্যাতনের ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ উদ্বেগ প্রকাশ করছে। এ ঘটনায় ঘরে বাইরে নারীর নিরাপত্তাকে চরমভাবে প্রশ্নাবদ্ধ করে। পুরুষ শাসিত সমাজে যে কোন ঘটনার প্রতিশোধ নিতে গিয়ে নারীর ওপর চরমভাবে নির্যাতন চালানো হচ্ছে এবং এ ধরনের ঘটনা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ মহিলা পরিষদ মনে করে নারীর প্রতি সহিংসতা একটি সামাজিক ব্যাধি। আজ নারী ও কন্যা-শিশুরা ঘরে বাইরে কোথাও নিরাপদ নয়।

বাংলাদেশ মহিলা পরিষদ গৃহবধূকে নির্যাতনের ঘটনায় জড়িতকে দ্রুত গ্রেফতারসহ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। একই সাথে পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন, ২০১০ বাস্তবায়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। নির্যাতনের শিকার গৃহবধূও সুচিকিৎসাসহ তার ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ